দৈনিক বাংলা

তারিখ ..20 JUN 1986... ...
পৃষ্ঠা... ......৮ কলাম ১... ...

20

# শিক্ষা প্রশাসনে ডিপ্লোমা কোর্স

শিক্ষামন্ত্রী অধ্যাপক এম এ মতিনের সভাপতিত্বে রোববার ঢাকায় জাতীয় শিক্ষা প্রশাসন, সম্প্রসারণ ও গবেষণা ইন্সটিটিউটের (এনআইইএইআর) পরিচালকমন্ডলীর দ্বিতীয় সভা অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী ইন্সটিটিউটের পরিচালকমন্ডলীরও সভাপতি। খবর তথ্য বিবরণীর।

এ সভায় শিক্ষা পরিকল্পনা, প্রশাসন ও ব্যবস্থাপনা সম্পর্কে এক বছরের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স চালু করার সিদ্ধান্ত নেয়া হয়।

খুলনা, রাজশাহী ও চট্টগ্রামে বিভাগীয় সদরে এনআইইএইআর-এর তিনটি উপকেন্দ্র স্থাপন করারও সিদ্ধান্ত গৃহীত হয়।

এ সভায় ইন্সটিটিউটের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করে সন্তোষ প্রকাশ করা হয়। এ বৈঠকে অন্যান্যের মধ্যে শিক্ষা সচিব কাজী জালালউদ্দিন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এম এ মান্নান, বিশ্ববিদ্যালয়সমূহের মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান ডঃ এম এ বারী, পিএটিসি'র রেক্টর হেদায়েতুল হক উপস্থিত ছিলেন।